# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মহিলার সাজ-সজ্জা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## গাল ও তার প্রসাধন

মহিলার জন্য বাজারে অসংখ্য (আসল ও নকল) গালের ক্রিম ও প্রসাধন পাওয়া যায়। এ সব ব্যবহার কেবল একটা ভিত্তিতে বৈধ এবং তা এই যে, তা ব্যবহারে মহিলার যেন উপকার থাকে এবং কোন প্রকার অপকার না থাকে।

কিন্তু দুঃখের বিষয় যে, মহিলা তা কোন ডাক্তারের পরামর্শে ব্যবহার না করে এবং মাসে মাসে একটার পর আর একটা পরিবর্তন করে ব্যবহার করতে করতে গালের ত্বকই নষ্ট করে ফেলে। অথচ নানা ক্রিম ও পাউডারের প্রলেপ হল গালে মেছেতা বা অন্য অবাঞ্ছিত দাগ পড়ার অন্যতম কারণ। সুতরাং এ ব্যাপারে মুসলিম মা-বোনদেরকে সতর্কতা অবলম্বন করা উচিত।

পূর্বেই বলা হয়েছে, মহিলার গালে বা ওষ্ঠের উপরে পুরুষের দাড়ি-মোচের মত দু-একটা বা ততোধিক অস্বাভাবিক চুল থাকলে তা তুলে ফেলায় দোষ নেই। কারণ, বিকৃত অঙ্গে স্বাভাবিক আকৃতি ও শ্রী ফিরিয়ে আনতে শরীয়তের অনুমতি আছে।[1]

অবশ্য অনেকের মতে আল্লাহর দেওয়া ঐ সুন্দর্য (শ্রী) নিয়ে মহিলাকে সন্তুষ্ট থাকা উচিত। যেহেতু মহান আল্লাহ প্রত্যেক সৃষ্টিকেই সুন্দর আকার দিয়ে সৃষ্টি করেছেন।[2] অল্লাহু আ’লাম।

### ফুটনোট

[1]. ফাতাওয়া ইবনে উষাইমীন ২/৮৩২, ফাতাওয়া মারআহ ৯৪পৃ.

[2]. সিলসিলাহ সহীহাহ ৬/৪০৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=7878

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন